# উপজেলা পরিষদ

## ফুলবাড়ী, কুড়িগ্রাম।

**জুলাই, ২০২২ মাসের উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মো: গোলাম রব্বানী সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ। |
| তারিখ | ঃ | ১৪ জুলাই, ২০২২। |
| সময় | ঃ | সকাল ১১.৩০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেখানো হলো।

সভাপতি জনাব মোঃ গোলাম রব্বানী সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান।

আলোচ্য বিষয়-১

উপজেলা নির্বাহী অফিসার জনাব সুমন দাস সভায় উপস্থিত উপজেলা পরিষদ চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, মহিলা ভাইস-চেয়ারম্যান ও সকল সদস্য এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর বিগত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্য বিষয়-২ (বিভাগীয় কার্যাবলী** আলোচনা :

উপজেলা প্রকৌশল বিভাগ:

| বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল বিভাগ | ১) সভায় উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম জানান যে, চলতি ২০২০-২০২১ অর্থবছরে উপজেলা রাজস্ব তহবিলের আওতায় উপজেলা কমপ্লেক্সে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর মুরাল নির্মাণ করা হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে চূড়ান্ত বিল প্রদান করা হয়েছে। বর্তমানে বিলে কর্তনকৃত জামানত বাবদ পাওনা টাকা =৬১,৬৯৫/-(একষট্টি হাজার ছয়শত পঁচানব্বই) টাকা মাত্র ফেরত পাওয়ার জন্য উক্ত ঠিকাদারী প্রতিষ্ঠান আবেদন করেছেন। জামানতের পাওনা টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | যেহেতু স্কীমটি উপজেলা রাজস্ব তহবিলের অর্থে বাস্তবায়ন করা হয়েছে, সেহেতু উপজেলা রাজস্ব তহবিল হতে জামানতের পাওনা টাকা নির্বাহ করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার।<br>৩। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ফুলবাড়ী। |
| | ২) সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, কুড়িগ্রাম জেলাধীন ফুলবাড়ী উপজেলা পরিষদ কমপ্লেক্সের পশ্চিম দিকের সম্পূর্ণ অংশে সীমানা প্রাচীর ও গেট না থাকায় উপজেলা কমপ্লেক্সের নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। এমতাবস্থায়, উক্ত সীমানা প্রাচীর ও গেট নির্মাণ করা প্রয়োজন। এই প্রেক্ষিতে সীমানা প্রাচীর ও মূল গেটের প্রাক্কলন ব্যয় যথাক্রমে ৩৬,৩৮,৬৬৬/- এবং ২১,৩৩,৫৭৮/- টাকা প্রস্তুত করা হয়েছে। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকার ৩(গ) অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে উক্ত ব্যয় নির্বাহ করা যেতে পারে। | উপজেলা পরিষদ কমপ্লেক্সের পশ্চিম দিকের সম্পূর্ণ অংশের সীমানা প্রাচীর ও গেট নির্মাণ কাজের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের নিমিত্ত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণীসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |

(চলমান পাতা/২)

| | | | |
|---|---|---|---|
| | এ জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করতে হবে। উক্ত অংশের সীমানা প্রাচীর ও গেট নির্মাণ কাজের ব্যয় উপজেলা রাজস্ব তহবিল হতে নির্বাহ করার জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণের নিমিত্ত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণীসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণের জন্য সভায় বিস্তারিত আলোচনা হয়। | | |
| উপজেলা পরিষদ | ১। বন্যা ও অতি বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত ফুলবাড়ী উপজেলার নিম্নোক্ত রাস্তা ও বাঁশের সাঁকো জনস্বার্থে জরুরী ভিত্তিতে মেরামত/নির্মাণ করা প্রয়োজন: (১) ফুলবাড়ী হতে বালারহাট গামী রাস্তা মেরামতকরণ ২) পানিমাছকুটি ঈদগাহ হতে জনাব মো: আব্দুল লতিফ, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদের বাড়ী পর্যন্ত রাস্তা মেরামতকরণ।<br>৩) বড়ভিটা ইউনিয়নের বড়ভিটা মৌজায় বাঁশের সাঁকো নির্মাণ। উক্ত ১-৩নং ক্রমিকে বর্ণিত কাজের জন্য উপজেলা প্রকৌশলী এলজিইডি কর্তৃক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার প্রাক্কলন সভায় উপস্থাপন করা হয়। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা-২০২০ এর ৩(ঘ) অনুচ্ছেদ অনুযায়ী উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে প্রাক্কলিত ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা নিম্ন বর্ণিত প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে জরুরী ভিত্তিতে মেরামতের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>প্রকল্পের নাম : ফুলবাড়ী উপজেলার বন্যা ও অতি বৃষ্টিতে ক্ষতিগ্রস্ত ফুলবাড়ী হতে বালারহাট গামী রাস্তা জরুরী মেরামতকরণ। প্রাক্কলিত মূল্য =২,০০,০০০/- টাকা<br>**<u>প্রকল্প বাস্তবায়ন কমিটি:</u>**<br>১। জনাব মো: মাহমুদুল হক সুমন<br>ইউপি সদস্য প্র: চেয়ারম্যান<br>২) জনাব মো: ওবায়দুল হক, গন্যমান্য " সেক্রেটারী<br>৩) জনাব মো: মিজানুর রহমান, শিক্ষক- সদস্য<br>৪) জনাব হাফেজ মো: আ: বাতেন ঈমাম- সদস্য<br>৫) বীর মুক্তিযোদ্ধা মো: নজির হোসেন- সদস্য | (১) ফুলবাড়ী হতে বালারহাট গামী রাস্তা মেরামতকরণ;<br>২) পানিমাছকুটি ঈদগাহ হতে জনাব মো: আব্দুল লতিফ, ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদের বাড়ী পর্যন্ত রাস্তা মেরামতকরণ;<br>৩) বড়ভিটা ইউনিয়নের বড়ভিটা মৌজায় বাঁশের সাঁকো নির্মাণ প্রকল্প, প্রকল্প বাস্তবায়ন কমিটি ও প্রাক্কলিত মূল্য ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা সভায় অনুমোদিত ও গৃহীত হয়। সভায় প্রকল্পটি জরুরী ভিত্তিতে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার।<br>৩। উপজেলা প্রকৌশলী এলজিইডি, ফুলবাড়ী, কুড়িগ্রাম।<br>৪। প্রকল্প বাস্তবায়ন কমিটি। |

(চলমান পাতা/৩)

<table>
<tr>
<td>প্রাণি সম্পদ বিভাগ</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। তিনি তাঁর দপ্তর কর্তৃক পরিচালিত জুন/২০২২ মাসের কার্যক্রম সভায় উপস্থাপন করেন, যা নিম্নরূপ:
<table>
<tr><th>ক্র: নং</th><th>কার্যক্রমের নাম</th><th>চলতি মাসে অর্জন</th></tr>
<tr><td>১</td><td>গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>২০৯৬টি</td></tr>
<tr><td>২</td><td>হাঁস-মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>১০৭৮০টি</td></tr>
<tr><td>৩</td><td>পোষ্যপ্রাণির চিকিৎসা প্রদান (সংখ্যা)</td><td>০৩টি</td></tr>
<tr><td>৪</td><td>গবাদি পশুর টিকা প্রদান (সংখ্যা)</td><td>৬৪ টি</td></tr>
<tr><td>৫</td><td>হাঁস-মুরগির টিকা প্রদান (সংখ্যা)</td><td>৩০,০০০টি</td></tr>
<tr><td>৬</td><td>গবাদি পশুর কৃত্তিম প্রজনন</td><td>২৬২ টি</td></tr>
<tr><td>৭</td><td>শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>৯৭ টি</td></tr>
<tr><td>৮</td><td>উঠান বৈঠক আয়োজন</td><td>০৪টি</td></tr>
<tr><td>৯</td><td>উঠান বৈঠক অংশগ্রহণকারী</td><td>৪৮ জন</td></tr>
<tr><td>১০</td><td>ঘাষ চাষ কার্যক্রম</td><td>০.৯৫ একর</td></tr>
</table>
</td>
<td>বিভাগীয় কার্যক্রমসহ গবাদি পশু, হাঁস-মুরগীর রোগ প্রতিরোধ টিকা প্রদান এবং যথাসময়ে চিকিৎসা প্রদান, কৃত্রিম প্রজনন ও সংকরজাতের বাচ্চা উৎপাদন কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা প্রাণিসম্পদ অফিসারকে অনুরোধ করা হয়।</td>
<td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।</td>
</tr>
<tr>
<td>স্বাস্থ্য বিভাগ</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। ফুলবাড়ী হাসপাতালে আউটডোর ও ইনডোরে চিকিৎসা সেবা স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান আগামী ১৯ জুলাই ২০২২ প্রতিটি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ১দিনের জন্য করোনার ভ্যাকসিন কার্যক্রম চলবে। উক্ত কার্যক্রমে ১ম, ২য় ও বুস্টার ডোজ দেয়া হবে। উক্ত তারিখে টিকা নেওয়ার পদক্ষেপ গ্রহণের বিষয়ে শিক্ষক ও অভিভাবকবৃন্দকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। ভ্যাকসিন প্রদানের বিষয়টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে মাইকের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>সভায় আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে ফুলবাড়ী হাসপাতালে চিকিৎসার মান বৃদ্ধিসহ করোনা ভাইরাসের টিকা প্রদান অব্যাহত রাখার জন্য অনুরোধ জানানো হয়।</td>
<td>উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা</td>
</tr>
<tr>
<td>বাংলাদেশ পুলিশ ফুলবাড়ী থানা</td>
<td>অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, মাদকের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রয়েছে। তিনি মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে অভিযান পরিচালনাকালে জনসাধারণকে সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ জানান। তিনি অপরাধীকে সনাক্ত করার স্বার্থে প্রতিটি ইউনিয়নে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রাখার জন্য ইউপি চেয়ারম্যান/সচিবগণকে অনুরোধ জানান। তিনি আরো জানান, বিদ্যুৎ সাশ্রয়ের জন্য রাত ৮.০০টার মধ্যে হাট-বাজার ও শপিংমলসমূহ বন্ধ করে দেয়ার সরকারি সিদ্ধান্ত রয়েছে। তিনি জনপ্রতিনিধিগণকে এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানান।</td>
<td>মাদকদ্রব্য পাচার ও সেবনের বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখার পদক্ষেপ অব্যাহত রাখতে হবে। ইউনিয়নে স্থাপিত সিসি ক্যামেরাসমূহ সচল রাখতে হবে। বিদ্যুৎ সাশ্রয়ের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td>
<td>১) অফিসার ইনচার্জ ফুলবাড়ী থানা।<br>২।ইউপি চেয়ারম্যান/ সচিব (সকল)।</td>
</tr>
</table>

(চলমান পাতা/৪)

| | | | |
|---|---|---|---|
| বিদ্যুৎ বিভাগ | ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস সভায় জানান যে, বর্তমানে রাশিয়া - ইউক্রেন যুদ্ধের প্রভাবে সাড়াবিশ্বে রাসায়নিক তেল, গ্যাসসহ অন্যান্য দ্রব্যাদির মূল্য বৃদ্ধি পাওয়ায় বিদ্যুৎ উৎপাদনে খরচ বৃদ্ধি পেয়েছে। তাই বিদ্যুৎ ব্যবহারে মিতব্যয়ী হলে বিদ্যুৎ সাশ্রয় হবে। তাই তিনি অফিস আদালতে অফিস ছুটির পর লাইট ও ফ্যান বন্ধ করার পরামর্শ প্রদান করেন। বিদ্যুৎ সাশ্রয়ের জন্য সরকারি সিদ্ধান্তের আলোকে লোডসেডিং দেয়া হবে। এ জন্য সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | সভায় বিস্তারিত আলোচনান্তে বিদ্যুৎ সাশ্রয়ের লক্ষ্যে অফিস, আদালত, হাট-বাজারে বিদ্যুৎ ব্যবহার কমানোর প্রয়োয়াজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. ডেপুটি জেনারেল ম্যানেজার, কুড়িগ্রাম-লালমনিরহাট পল্লী বিদ্যুৎ সমিতি।<br>২. সকল কর্মকর্তা/ কর্মচারী।<br>৩. ইউপি চেয়ারম্যান সকল। |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ সুন্দর ও সফল ভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণের মাঠ পর্যায়ের কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্তিকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি আরো জানান, প্রাথমিক শিক্ষা বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান:<br>১। প্রাথমিক শিক্ষার জন্য উপবৃত্তির কার্যক্রম পুনরায় চালু হওয়ায় পোর্টালে এন্ট্রিকরণের কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।<br>২। ২০২১-২০২২ অর্থ বছরে বিদ্যালয়ের ক্ষুদ্র মেরামত কাজের প্রাক্কলন কার্যক্রম সম্পন্ন হয়নি।<br>৩। স্লিপ ও রুটিন মেইনটেন্যান্স কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>৪। কোভিড-১৯ প্রতিরোধে বিদ্যালয়ের অনুকূলে প্রাপ্ত পণ্য সামগ্রী যথাযথভাবে বিতরণ করা হয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর বিভাগের আওতায় বিভিন্ন খাতের ঋণ প্রদান ও আদায় কার্যক্রম যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে। (ক) জুন, ২০২২ পর্যন্ত আত্মকর্ম রাজস্ব খাতে ৭৯৭ জনকে ১৫,০৪,৫৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(খ) জুন ২০২২ পর্যন্ত পরিবার ভিত্তিক খাতের আওতায় ২৮২০৯ জনকে ১৭,৬৬,১৯,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে।<br>(গ) জুন, ২০২২ পর্যন্ত উত্তরবঙ্গ প্রকল্পের আওতায় ৩২৯ জনকে ১,০৩,৫৫,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়েছে। উপরে বর্ণিত সকল খাতে ঋণ আদায় যথানিয়মে বাস্তবায়িত হচ্ছে ।<br>(ঘ) জুন, ২০২২ পর্যন্ত ৭৮৫৮ জনকে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(ঙ) ঋণ আদায়ের হার আত্মকর্ম-৮২%, উত্তরবঙ্গ ২য় পর্বের প্রকল্প ৭৪% পরিবারভিত্তিক ঋণ কর্মসূচি ৯৩%। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | দাপ্তরিক কাজকর্মসহ ঋণ প্রদান ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী। |

(চলমান পাতা/৫)

| | | | |
|---|---|---|---|
| মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, ১) ২৩-২৯ জুলাই জাতীয় মৎস্য সপ্তাহ-২০২২ ফুলবাড়ী উপজেলায় সফলভাবে উদযাপনের জন্য প্রস্তুতি গ্রহণ করা হয়েছে এবং মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে ২০ কেজি পোনা মাছ অবমুক্তসহ ০৩ জন সফল মৎস্যচাষীকে এবং হ্যাচারি মালিককে পুরস্কৃত করা হবে। তিনি মৎস্য সপ্তাহ-২০২২ উদযাপনে সংশ্লিষ্ট সকলকে সার্বিক সহযোগিতা ও অংশগ্রহণের জন্য অনুরোধ জানান। | বিভাগীয় কার্যক্রমসহ মৎস্য চাষ উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। ২০২২ সালের সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ পরিবারের সহায়তার জন্য এ উপজেলায় ৫০.০০০ মেঃটন চাউল এবং নগদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা বরাদ্দ পাওয়া যায়। উক্ত বরাদ্দ বন্যায় ক্ষতিগ্রস্থ ৫,০০০ পরিবারের মাঝে সুষ্ঠুভাবে বিতরণ করা হয়েছে। এছাড়াও এ উপজেলায় ক্ষতিগ্রস্থ দরিদ্র শ্রেণি পেশায় নিয়োজিত পরিবারসমূহের গৃহ মেরামত, গৃহস্থালী উপকরণ ও শিক্ষা সামগ্রী ক্রয় এবং আনুষাঙ্গিক ব্যয় নির্বাহর জন্য প্রধানমন্ত্রীর ত্রাণ ও কল্যাণ তহবিল হতে আর্থিক সহায়তা বাবদ পরিবার প্রতি ১০,০০০/-টাকা হারে মোট ৪০ জন ক্ষতিগ্রস্থ পরিবার প্রধানের অনুকূলে মোট ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা সুষ্ঠুভাবে সুবিধাভোগীদের অনুকূলে বিতরণ করা হয়েছে। ২০২১-২২ অর্থ বছরে প্রধানমন্ত্রীর কার্যালয়ের আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন মুজিব শতবর্ষ উপলক্ষে দেশের ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ “ক” শ্রেণীর পরিবার পুনবার্সনের লক্ষ্যে এ উপজেলায় ৩য় পর্যায়ে বরাদ্দকৃত নবনির্মিত মোট ১৬২ টি গৃহ ২৬/০৪/২০২২ খ্রিঃ তারিখ ভিডিও কনফারেন্সের মাধ্যমে ভ্যার্চুয়ালী মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধন ঘোষণা করা হয়েছে। গৃহ নির্মাণের কাজ নির্দিষ্ট প্রাক্কলণ ও ডিজাইন অনুযায়ী দ্রুততার সাথে সমাপ্ত করে উপকাভোগীদের অনুকূলে নবনির্মিত ঘরগুলো হস্তান্তর করা হবে। | অসমাপ্ত প্রকল্পসমূহের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী কুড়িগ্রাম। |
| উপজেলা প: প: বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম আরো জোরদার করতে হবে। | উপজেলা প:প: কর্মকর্তা, ফুলবাড়ী |

(চলমান পাতা/৬)

| | | | |
|---|---|---|---|
| মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কাজকর্ম সুষ্ঠুভাবে চলছে। তাঁর বিভাগ কর্তৃক নিম্নোক্ত কার্যক্রম চলমান রয়েছে :<br>(১) ফুলবাড়ী উপজেলায় ২০২১-২০২২ ভিজিডি চক্রে ৬টি ইউনিয়নে ৫৭৯৫ জন উপকারভোগী রয়েছে। জুন/২০২২ মাসের খাদ্যশষ্য বিতরণ করা হয়েছে।<br>(২) ফুলবাড়ী উপজেলার ৬টি ইউনিয়নে "দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান" কর্মসূচিতে ১১৯৪ জন উপকারভোগী রয়েছে। উপকারভোগীদের সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>(৩) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে রাজস্বখাতে মহিলা প্রশিক্ষণ **(WTC)** চলমান রয়েছে।<br>(৪) উপজেলা মহিলা বিষয়ক কার্যালয়ে আইজিএ প্রশিক্ষণ প্রকল্প খাতে উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (দু'টি ট্রেডে) চলমান রয়েছে।<br>(৫) ফুলবাড়ী উপজেলায় ৬টি ইউনিয়নে কিশোর-কিশোরী ক্লাব রয়েছে। জানুয়ারি/২২ মাস হতে ক্লাবের নতুন সদস্য অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত ৬টি ক্লাবে ৩০ জন করে মোট ১৮০ জন সদস্য রয়েছে। | বিভাগীয় কার্যক্রমসহ ভিজিডি, মাতৃত্বকাল এবং আয়বর্ধক প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মহি[illegible] বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী। |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, তাঁর দপ্তরের আওতাধীন নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে:<br>১। এনটিআরসিএ এর মাধ্যমে শিক্ষক চাহিদা প্রদান কার্যক্রম প্রতিষ্ঠান পর্যায়ে চলমান, ২। বাংলাদেশ স্কাউটস ফুলবাড়ী উপজেলা শাখার কাউন্সিল সম্পন্ন, ৩। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের অর্ধবার্ষিক পরীক্ষা-২০২২ সম্পন্ন, যা পরিদর্শনের মাধ্যমে মনিটরিং করা হয়েছে, ৪। বঙ্গবন্ধু সৃজনশীল মেধা অন্বেষণ প্রতিযোগিতা-২০২২ পুরস্কার বিতরণী সম্পন্ন, ৫। জাতীয় শিক্ষা সপ্তাহ-২০২২ কর্মসূচি উদযাপন ও পুরস্কার বিতরণী সম্পন্ন। জেলা পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষকসহ ০৩ জন শিক্ষার্থী নির্বাচিত, ৬। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ইউনিক আইডি সংক্রান্ত কার্যক্রম চলমান, ৭। আইএমএস তথ্য হালনাগাদ কার্যক্রম চলমান, ৮। প্রতিষ্ঠান প্রধান ও অন্যান্য শিক্ষকগণের এ্যান্ড্রয়েড সেটে e-mail ও facebook ব্যবহার চালু রাখা। | বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য গৃহীত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে এবং চলমান কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। শিক্ষা বিভাগীয় কর্মকর্তাগণকে নিয়মিত বিদ্যালয়সমূহ পরিদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ফুলবাড়ী। |
| সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। তিনি জানান, ১) G2P সিস্টেমে সকল ভাতাভোগীর পে-রোল প্রেরণ সম্পন্ন হয়েছে। ২) সমস্যাযুক্ত মোবাইল হিসাব নম্বরসমূহ পরিবর্তনের কাজ চলমান। ৩) প্রতিবন্ধী সকল ভাতাভোগী যাচাই করার সিদ্ধান্ত গৃহণ; ৪) প্রতিবন্ধী পরিচয়পত্র না থাকা ভাতাভোগীদের ডাক্তার কর্তৃক সনাক্তকরণের সিদ্ধান্ত গ্রহণ। | বিভাগীয় কার্যক্রমসহ বিভিন্ন ভাতা প্রদান ও ঋণদান কার্যক্রম সুষ্ঠু ও নিয়মমাফিক ভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী। ইউপি চেয়ারম্যান সকল। |
| খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ফুলবাড়ী, কুড়িগ্রাম। |

(চলমান পাতা/৭)

| | | | |
|---|---|---|---|
| সামিজক বনায়ন নার্সারী কেন্দ্র | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যাবলী সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনাসহ বৃক্ষরোপনের বিষয়ে গুরুত্বারোপ করতে হবে। | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী। |
| জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী সভাকে অবহিত করেন যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | গৃহীত প্রকল্পের কাজকর্ম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী। |
| পল্লী সঞ্চয় ব্যাংক | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী শাখা সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান তাঁর বিভাগ কর্তৃক নিম্নবর্ণিত কার্যক্রম চলমান রয়েছে: ৩০/০৬/২০২২ তারিখে আউটস্ট্যান্ডিং ঋণের পরিমান (লক্ষ টাকায়) ১৫২৭.৯৮ টাকা, জুলাই/২০২১ হতে ৩০ জুন, ২০২২ পর্যন্ত বিতরণকৃত ঋণের তথ্যাদি : ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়) ১২৩১.৪ টাকা, বিতরণকৃত ঋণের পরিমান ৬২৫.১৪ টাকা, জুলাই, ২০২১ হতে ৩০ জুন, ২০২২ পর্যন্ত ঋণ আদায়ের তথ্যাদি : ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা (লক্ষ টাকায়) ১২৩১.৪ টাকা, ঋণ আদায়ের পরিমান ৫৪১.১৬ টাকা, সঞ্চয় আদায় ৫১.২১ টাকা। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায়ের গতি বৃদ্ধি করতে হবে। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক ফুলবাড়ী শাখা,, কুড়িগ্রাম। |
| বিবিধ | (ক) উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(খ) অনুচ্ছেদ মোতাবেক ১৫ আগস্ট, ২০২২ জাতীয় শোক দিবসের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় আলোচনা হয়। | সভায় ১৫ আগস্ট, ২০২২ জাতীয় শোক দিবসের ব্যয় নির্বাহের জন্য উপজেলা রাজস্ব তহবিল হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা উত্তোলনের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান উপজেলা পরিষদ।<br>২। উপজেলা নির্বাহী অফিসার। |
| | (খ) সহকারী প্রোগ্রামার, আইসিটি, ফুলবাড়ী সভায় জানান যে, উপজেলা পরিষদের TO & E-তে অন্তর্ভুক্ত ১টি কম্পিউটার, ১টি প্রিন্টার, স্ক্যানারসহ অন্যান্য দ্রব্যাদি ক্রয় করা প্রয়োজন। উপজেলা পরিষদ রাজস্ব তহবিল গঠন ও ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩(চ) অনুচ্ছেদ মোতাবেক উপজেলা রাজস্ব তহবিলের অর্থ দ্বারা ১টি কম্পিউটার, ১টি প্রিন্টার, স্ক্যানারসহ অন্যান্য দ্রব্যাদি স্পট কোর্টেশনের মাধ্যমে ক্রয় করার জন্য ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রদান করার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সভায় উপজেলা পরিষদের জন্য ১টি কম্পিউটার, ১টি প্রিন্টার, স্ক্যানারসহ অন্যান্য দ্রব্যাদি নিম্নবর্ণিত কমিটির মাধ্যমে স্পট কোটেশনের মাধ্যমে ক্রয়ের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>কম্পিউটার ক্রয় কমিটি:<br>১) জনাব মো: আজমল আবসার, সহকারী প্রোগ্রামার- আহবায়ক<br>২) জনাব মো: হাসান আলী,উপ-সহকারী প্রকৌশলী- সদস্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ফুলবাড়ী।<br>৩। জনাব মো: জুয়েল রানা, উপ-সহকারী প্রকৌশলী- সদস্য এলজিইডি, ফুলবাড়ী। | |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম রব্বানী সরকার)
সভাপতি
উপজেলা উন্নয়ন সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**ফুলবাড়ী, কুড়িগ্রাম।**

**www.phulbari.kurigram.gov.bd**

**স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.০৩.০০১.২২-৬৯৭** তারিখ : ০৫ শ্রাবণ, ১৪২৯ / ২০ জুলাই, ২০২২

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সচিব/সচিব, ............................................................................., বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৬। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৭। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৮। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১১। উপজেলা.......................................................কর্মকর্তা,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২। চেয়ারম্যান...............................ইউনিয়ন পরিষদ,ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩। জনাব..................................................................., ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪। অফিস নথি।

২০/৭/২২

**( সুমন দাস )**
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।
ফোন : ০৫৮২৫-৫৬০০১
মোবাইলঃ ০১৭০৯-৯৭৪৫০৩
e-mail:unofulbarikurigram@mopa.gov.bd

২০/০৭/২২

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন

# উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ ১২৬৬(৪০) তারিখ ঃ ২১ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৫ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

বিষয় ঃ উপজেলা পরিষদের উন্নয়ন সমন্বয় সভায় যোগদান প্রসঙ্গে।

আগামী ১৪ জুলাই ২০২২ তারিখ বৃহস্পতিবার বেলা ১১:৩০ টায় ফুলবাড়ী উপজেলা পরিষদের জুলাই ২০২২ মাসের মাসিক সভা পরিষদ সভা কক্ষে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে যোগদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য সভার কার্যপত্র প্রণয়নের জন্য তাঁর বিভাগের চলমান কার্যক্রমের তথ্যাদি আগামী ১৩-০৭-২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৫/০৭/২২

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

০৫/০৭/2022

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ
১) ভাইস চেয়ারম্যান (পুরুষ/মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২) উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩) উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৪) উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৫) অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (বিশেষ আমন্ত্রনে সভায় অংশগ্রহণ করার অনুরোধসহ)
৬) উপজেলা মৎস কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৭) উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৮) উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৯) উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১০) ডিপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস, কুড়িগ্রাম।
১১) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৩) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৪) উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৫) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৬) উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৭) উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৮) উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ফুলবাড়ী, কুড়িগ্রাম।
১৯) ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম
২০) ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২১) চেয়ারম্যান..........................................ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২২) জনাব..........................................................................................

স্মারক নং-০৫.৪৭.৪৯১৮.০০০.১০.০০৪.২১ ৫৫৬ (৪০)

তারিখ ঃ ২১ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ
০৫ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো ঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৬-কুড়িগ্রাম-২, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা-১২০৭।

২। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।

৩। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী,কুড়িগ্রাম।

৫। অফিস নথি।

৫/৭/২২

( সুমন দাস )
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

05/7/2022

# উপজেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জুলাই, ২০২২ সভার তারিখ: ১৪/০৭/২০২২, সময় : সকাল ১১.৩০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২ | উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৩ | ভাই-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৪ | মহিলা ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৫ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 017186886?7 | | |
| ৬ | উপজেলা কৃষি কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ৭ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01766213729 | ulophulbarik@dls.gov.bd | |
| ৮ | অফিসার ইনচার্জ, ফুলবাড়ী থানা (আমন্ত্রিত) | | | |
| ৯ | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01716410506 | raihanzoology98@gmail.com | |
| ১০ | উপজেলা প্রকৌশলী, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01710051685 | ueofulkuri@gmail.com | |
| ১২ | ডেপুটি জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলবাড়ী জোনাল অফিস। | 01769407421 | | |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01711415267 | | |
| ১৪ ✓ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01721765182 | | |
| ১৫ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717-407808 | sabujkumaragupta07@gmail.com | |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01743069747 | | |
| ১৭ | উপজেলা সমবায় কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ১৯ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01724-913930 | uwaofullkuri@gmail.com | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01717413762 | | |
| ২১ | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,ফুলবাড়ী, কুড়িগ্রাম। | | | |
| ২২ | ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র, ফুলবাড়ী, কুড়িগ্রাম | | | |
| ২৩ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01722627892 | bmfulbari@pallisanchaybank.gov.bd | |

## …জেলা উন্নয়ন ও সমন্বয় কমিটির মাসিক সভায় উপস্থিত জনপ্রতিনিধি/সদস্যবৃন্দের হাজিরা :

মাসের নাম : জুলাই, ২০২২   সভার তারিখ: ১৪/০৭/২০২২, সময় : সকাল ১১.৩০ টা।

| ক্রমিক নং | পদবি ও ঠিকানা | মোবাইল নম্বর | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | চেয়ারম্যান, নাওডাঙ্গা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01720047348 | | |
| ২ | চেয়ারম্যান, শিমুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01725193366 | | |
| ৩ | চেয়ারম্যান, ফুলবাড়ী ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | ০১৭১৭৬৯৯৭৫০ | | |
| ৪ | চেয়ারম্যান, বড়ভিটা ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। | 01719206631 | | |
| ৫ | চেয়ারম্যান, ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01727969825 | | |
| ৬ | চেয়ারম্যান, কাশীপুর ইউনিয়ন পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | 01734163808 | | |
| ৭ | জনাব মো: আজিজার রহমান (মাননীয় জাতীয় সংসদ সদস্য মহোদয়ের প্রতিনিধি) | | | |
| ৮ | মোছা: রাহিলা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ | | | রাহিলা |
| ৯ | মোছা: আছমা খাতুন, সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ | | | |